



## সাতক্ষীরায় জামায়াতের শোভাউনের মোটরসাইকেলের ধাক্কায় এক বৃদ্ধ নিহত



সংগৃহীত ছবি

জামায়াতের শোভাউন চলাকালে মোটরসাইকেলের ধাক্কায় ফজর আলী (৭৩) নামে এক বয়স্ক ব্যক্তি প্রাণ হারিয়েছেন। শনিবার (২২ নভেম্বর) দুপুরে সাতক্ষীরা সদর উপজেলার আলীপুর ইউনিয়নের বাদামতলা বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নামাজের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়ে রাস্তা পার হওয়ার সময় হঠাৎ শোভাউনে থাকা একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে গুরুতর আহত হন। পরে হাসপাতালে নেওয়ার পর চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরিবারের সদস্যরা জানান, ফজর আলী নামাজ আদায়ে বাড়ি থেকে বের হন। সড়ক পার হওয়ার সময় শোভাউনে অংশ নেওয়া একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে তিনি মাটিতে লুটিয়ে পড়েন। দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হলেও চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। সন্ধ্যার পর তার জানাজা সম্পন্ন হয়। আলীপুর ইউনিয়নের ইউপি সদস্য ইকবাল হোসেন বলেন, জামায়াতের শোভাউনের গাড়িবহর বাজার এলাকা অতিক্রম করছিল। ঠিক সেই মুহূর্তে ফজর আলী রাস্তা পার হচ্ছিলেন। মোটরসাইকেলের সঙ্গে ধাক্কা লাগায় তিনি মারাত্মকভাবে আহত হন। সাতক্ষীরা সদর উপজেলা জামায়াতের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান জানান, ফজর আলী তাদের সংগঠনের সমর্থক ছিলেন। শোভাউনের সময় পাশ দিয়ে যাওয়া একটি মোটরসাইকেলের লুকিং গ্লাসে ধাক্কা লেগে তিনি পড়ে যান। সাতক্ষীরা সদর থানার উপপরিদর্শক মেহেদী হাসান বলেন, মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধের মাথায় ও শরীরের বিভিন্ন স্থানে গুরুতর আঘাত লাগে। পরিবারের কেউ অভিযোগ না করায় সুরতহাল শেষে মরদেহ হস্তান্তর করা হয়েছে।